

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭
বিশালগড়, ৪ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪
বিশালগড়ে সুষ্ঠু ও অবাধ ভোট সম্পন্ন
করতে সিইও-এর সভাপতিত্বে বৈঠক অনুষ্ঠিত

আজ বিশালগড় নতুন টাউনহলে আসন্ন লোকসভা নির্বাচনের প্রস্তুতি উপলক্ষে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক (সিইও) পুনীত আগরওয়ালের সভাপতিত্বে সিপাহীজলা জেলায় এক নির্বাচনী পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলার বিভিন্ন এলাকায় সুষ্ঠু নির্বাচন সম্পাদনের লক্ষ্যে এমএমসিসি সহ সমস্ত নির্বাচনী গাইডলাইনের সঠিক ও সময়োপযোগী প্রয়োগ এবং পালনের জন্য সিইও সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক নির্বাচনকে কীভাবে সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায় এ বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন। এছাড়াও আলোচনা করেন রাজ্য পুলিশ নোডাল অফিসার জিএস রাও, সিআরপিএফ-এর আইজি ডি এল গোলা প্রমুখ। এছাড়াও উক্ত পর্যালোচনা সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলার সমস্ত সেক্টর অফিসার, এআরও, নির্বাচনের কাজে নিযুক্ত বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।
